



যুদ্ধ বন্ধে ইসরায়েলের প্রেসিডেন্টকে কূটনৈতিক চেষ্টার আহ্বান পোপ লিওর



ইসরায়েলের প্রেসিডেন্ট আইজ্যাক হারজগ ও পোপ লিও। ছবি: সংগৃহীত

মার্কিন যুক্তরাষ্ট্র, ইরান ও ইসরায়েলকে ঘিরে চলমান সংঘাতের ৩৫তম দিনে উত্তেজনা প্রশমনে নতুন উদ্যোগ দেখা গেছে। ইসরায়েলের প্রেসিডেন্ট আইজ্যাক হারজোগের সঙ্গে টেলিফোনে কথা বলে যুদ্ধ বন্ধে কূটনৈতিক সমাধানের পথ বেছে নেওয়ার আহ্বান জানিয়েছেন পোপ লিও।

গুৱাবার (৩ এপ্রিল) সকালে অনুষ্ঠিত এই ফোনালাপে পোপ স্পষ্টভাবে সংঘাত নিরসনে সংলাপের গুরুত্ব তুলে ধরেন।

ভ্যাটিকানের তথ্য উদ্ধৃত করে কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল জাজিরা জানায়, আসন্ন ইস্টার উপলক্ষে এই আলোচনা হলেও মূল লক্ষ্য ছিল মধ্যপ্রাচ্যে স্থায়ী শান্তির ভিত্তি গড়ে তোলা।

এ লক্ষ্যে পোপ লিও সব ধরনের কূটনৈতিক সংলাপ পুনরায় চালুর ওপর জোর দিয়েছেন এবং উত্তেজনা কমাতে কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান জানিয়েছেন।

LENS ASIA